বিসমিল্লাহির রাহমানির রাহিম

# মোঃ রিয়াদ হাসান

কাউন্সিলর, ১৬নং ওয়ার্ড

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

## Narayanganj City Corporation

সভার নোটিশ

সূত্র নং-

তারিখ- ১৪/০২/২৪

**বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০/০২/২০২৪ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ১৬ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ- ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

৩। কর আদায়ের কার্যক্রম পর্যালোচনা।

৪। টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

৫। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

শুভেচ্ছান্তে,

মোঃ রিয়াদ হাসান
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

অস্থায়ী কার্যালয় ঃ ৯৪/১ মোবারক শাহ্ রোড, ১নং বাবুরাইল, নারায়ণগঞ্জ ।
মোবাইল ঃ ০১৮৫৮-৮৫৯৫২৫, ০১৯১৩-৭৩৯৮১০

আপনার শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌরকর পরিশোধ করুন ।

# ১৬ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

৯৪/১, মোবারক শাহ রোড, ১ নং বাবুরাইল, নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## ১৬ নং (WLCC)'র ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ রিয়াদ হাসান<br>কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৬<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| ওয়ার্ড নং | : ১৬ |
| সভার তারিখ | : ২০/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | : ১১.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৬ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ রিয়াদ হাসান, কমিটির সদস্য সচিব জনাব আব্দুল কাদের কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১** : গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব আব্দুল কাদের পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সবসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৬ নং (WLCC)'র কমিটি। |

**আলোচ্যসূচী-২ :** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে আলোচনা। | ১৬ নং ওয়ার্ডে WLCC'র সদস্য সচিব জনাব আব্দুল কাদের অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা বা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ,<br><br>১। ভাষা সৈনিক সড়ক থেকে পাইকপাড়া বড় কবরস্থান পর্যন্ত সড়ক পূনঃনির্মাণ।<br>২। দেওভোগ পাকা রাস্তা, নিলু মল্লিক এর বাড়ী হতে শাখা রোড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৩। আব্দুর রউফ সড়ক, ইফরাথ সুপার শপ থেকে মাইনুদ্দিন এর বাড়ী পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৪। মোবারক শাহ রোড, এ্যাড. মুসলিমুদ্দিনের বাড়ী থেকে শাখা রোড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৫। শংখোলা রোড, আবুল হোসেন এর বাড়ী থেকে মনির এর বাড়ী পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৬। শাহিজান সড়ক, দুলাল এর বাড়ী থেকে শাখা রোড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৭। গোলাম কাদির এর বাড়ী থেকে শাখা রোড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৮। নাগবাড়ী মোড়, নুর আলম এর বাড়ী থেকে শাখা রোড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মাণ।<br>৯। ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয় কাম ডিজিটাল সেন্টার নির্মাণ। | ১৬ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে মেয়র,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৩:** কর আদায়ের অগ্রগতি কার্যক্রম পর্যালোচনা।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি কার্যক্রম প্রসঙ্গে আলোচনা। | ১৬ নং ওয়ার্ডের সদস্য সচিব জনাব আব্দুল কাদের বলেন, আমরা কর আদায়ের লক্ষে আমাদের প্রত্যেক মহল্লায় মহল্লায়, বাড়ি বাড়ি যেয়ে তদারকি চালাচ্ছি। আশা করি আমাদের এ অগ্রগতি চলমান থাকবে। | ১৬ নং ওয়ার্ডের এ কার্যক্রমের জন্য উপস্থিত সকল সদস্যকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কতৃক ধন্যবাদ জানানো হয়। | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশণ। |

**আলোচ্যসূচী-৪:** টিসিবি কার্যক্রম পসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| টিসিবি কার্যক্রম পসঙ্গে আলোচনা। | টিসিবি কার্যক্রম নিয়ে আলোচনা করেন, নাজিরুল ইসলাম (কমিউনিটি কর্মী, নারায়ণগঞ্জ সিটি কপোরেশন)। তিনি সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে নিম্ন আয়ের মানুষের জন্য ভর্তুকী মূল্যে সরকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করছে। এ সব পন্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয় করতে হবে। সে জন্য পরিবারের (যেকোনো একজনের) ১১ টি তথ্য সরবরাহ করতে হবে। তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের অনুরোধ জানান। | ফেব্রুয়ারী ২০২৪ সালের মধ্যে টিসিবি"র স্মার্ট কার্ডের প্রয়োজনীয় তত্য দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৬ নং (WLCC)'র কমিটি। |

**আলোচ্যসূচী-৫:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন প্রসঙ্গে আলোচনা। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ১৬ নং WLCC এর সদস্য সচিব জনাব আব্দুল কাদের জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান | ১৬ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব, মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব আব্দুল কাদের উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(জনাব মোঃ রিয়াদ হাসান)
চেয়ারপার্সন, ১৬নং WLCC
ও
কাউন্সিলর, ১৬ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৮৫৮৮৫৯৫২৫

মোঃ রিয়াদ হাসান
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# সংযোজনী "ক"

## ১৬ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভার হাজিরা তালিকা

তারিখঃ ২০/০২/২৪

| ক্র.নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | সাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রিয়াদ হাসান | সভাপতি | |
| ০২ | জনাব আফসানা আফরোজ বিভা | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব পাখি সরদার | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ সানি | সদস্য | |
| ০৫ | এ্যাড. আসাদুজ্জামান | সদস্য | |
| ০৬ | এ্যাড. মাজেদুল হক রাজন | সদস্য | |
| ০৭ | জনাব এ.ওয়াই.এন. হাসমত উল্লাহ | সদস্য | |
| ০৮ | জনাব মাঝহার হোসেন মাঝুম | সদস্য | |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | আলহাজ্ব সোহেল বেপারী | সদস্য | |
| ১০ | জনাব ওমর ফারুক হৃদয় | সদস্য | |
| ১১ | জনাব শহিদুল্লাহ শিমুল | সদস্য | |
| ১২ | জনাব মোঃ হোসেন | সদস্য | |
| ১৩ | জনাব মোঃ পিয়াস | সদস্য | |
| ১৪ | জনাব রোকসানা বেগম | সদস্য | |
| ১৫ | জনাব কামরুন নাহার লাকী | সদস্য | |
| ১৬ | জনাব গোলাম সবুজ | সদস্য | |
| ১৭ | আলহাজ্ব রাশেদ রাশু | সদস্য | |
| ১৮ | জনাব আব্দুল কাদের | সদস্য সচিব | |